

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ শাখা
www.mopa.gov.bd

নম্বর : ০৫.০০.০০০০.২০২.২৫.০০৩.২০.৬০

তারিখ : ০৪ ফাল্গুন ১৪২৬
১৭ ফেব্রুয়ারি ২০২০

বিষয় : বিশেষায়িত সংক্ষিপ্ত বৈদেশিক প্রশিক্ষণের জন্য মনোনয়ন আহ্বান (২০১৯-২০ অর্থবছর)।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী মার্চ-জুন ২০২০ মেয়াদে সংক্ষিপ্ত বৈদেশিক প্রশিক্ষণে প্রেরণের জন্য আপনার বিভাগ হতে নিম্নরূপভাবে অনধিক ৩০ (ত্রিশ) জন কর্মকর্তার মনোনয়ন সংযুক্ত ছক মোতাবেক আগামী ০৫/০৩/২০২০ তারিখের মধ্যে বিদেশ প্রশিক্ষণ শাখায় (নিকস ফস্টে ই-মেইলে) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :


১. সহকারী কমিশনার/সহকারী কমিশনার (ভূমি) - ১০ জন
২. সিনিয়র সহকারী কমিশনার/উপজেলা নির্বাহী অফিসার/অতিরিক্ত জেলা প্রশাসক/সমমান - ১৪ জন
৩. জেলা প্রশাসক/মাঠ প্রশাসনে কর্মরত উপসচিব/সমমান - ৪ জন
৪. অতিরিক্ত বিভাগীয় কমিশনার/মাঠ প্রশাসনে কর্মরত যুগ্মসচিব/সমমান - ২ জন

০২। মনোনয়ন প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণ করতে হবে :

- ক. মনোনীত কর্মকর্তাদের চাকরি স্থায়ী হতে হবে;
- খ. চাকরিকাল ন্যূনতম ০৩ (তিন) বছর হতে হবে এবং চাকরির মেয়াদ ন্যূনতম ০৫ (পাঁচ) বছর অবশিষ্ট থাকতে হবে;
- গ. কোন কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চলমান থাকলে বা মামলায় দন্ডিত হলে তাকে মনোনয়ন প্রদান করার প্রয়োজন নেই;
- ঘ. নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সুপারিশ থাকতে হবে;
- ঙ. মনোনয়নের ক্ষেত্রে কর্মকর্তার শিক্ষাগত যোগ্যতা, দাপ্তরিক দক্ষতা, নিষ্ঠা, উদ্ভাবনী কার্যক্রম, সততা এবং সুনামকে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে;
- চ. বিভাগের আওতাধীন প্রত্যেক জেলা থেকে উপযুক্ত সংখ্যক পুরুষ ও মহিলা কর্মকর্তাকে মনোনয়ন দিতে হবে। দুর্গম এলাকায় কর্মরত কর্মকর্তাগণকে অগ্রাধিকার দেওয়া হবে;
- ছ. ইতঃপূর্বে বৈদেশিক কোর্সে অংশগ্রহণ করেননি এমন কর্মকর্তাদের অগ্রাধিকার দিতে হবে;
- জ. মনোনীত কর্মকর্তাবৃন্দের অফিসিয়াল পাসপোর্ট থাকতে হবে এবং আবশ্যিকভাবে তাদের পাসপোর্ট-এর ছবিযুক্ত পৃষ্ঠার ফটোকপি অগ্রায়ণ পত্রের সাথে সংযুক্ত করতে হবে;
- ঝ. তথ্য প্রদানে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বাছাই কমিটি প্রাপ্ত মনোনয়ন থেকে নির্দিষ্ট কোর্সের জন্য প্রশিক্ষণার্থী তালিকা সুপারিশ করবে।

সংযুক্তি : মনোনয়ন ছক।


মু. ইকরামুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৪৪২৬
ft@mopa.gov.bd

বিভাগীয় কমিশনার

ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ বিভাগ।

অনুলিপি:

১. জেলা প্রশাসক,.....(সকল)।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৩. সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৪. সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অতিরিক্ত সচিব (সিপিটি/এপিডি) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ শাখা কর্তৃক পরিচালিত সংক্ষিপ্ত বৈদেশিক প্রশিক্ষণের জন্য মনোনয়ন ছক

ক্রমিক	নাম (বাংলা ও ইংরেজি) পদবি ও কর্মস্থল (অফিসিয়াল পাসপোর্ট-এর অনুরূপ)	পরিচিতি নম্বর, ব্যচ ও যোগদানের তারিখ	অফিসিয়াল পাসপোর্ট (MRP) নম্বর ও মেয়াদ	ব্যক্তিগত নোবাইল নম্বর ও ইমেইল	জন্ম তারিখ ও জাতীয় পরিচয় পত্রের নম্বর (ফটোকপি সহ)	সদ্য তোলা পাসপোর্ট সাইজের রক্তচিন ছবি	বিদেশ প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৮ থেকে অদ্যাবধি)

নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর ও সিল